

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
সিটি কর্পোরেশন শাখা-১

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং-৪৬.০০.০০০০.০৭০.০০৮.০২৯.১৩(অংশ-২)-১৭৫

তারিখঃ ৩১ জানুয়ারি ২০১৮ খ্রি

প্রাপকঃ প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা
স্থানীয় সরকার বিভাগ
৮৩/বি-১৮, মৌচাক টাওয়ার, মালিবাগ, ঢাকা।

বিষয়ঃ ২০১৭-২০১৮ অর্থ বছরের এডিপিতে সিটি কর্পোরেশনসমূহের অনুকূলে বরাদ্দকৃত অর্থ হইতে 'সিটি কর্পোরেশনের জন্য যান-যন্ত্রাদি ক্রয়' উপখাতের ১ম, ২য় ও ৩য় কিস্তি বাবদ স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের অনুকূলে ৩৭.৫০ কোটি (সাতত্রিশ কোটি পঞ্চাশ লক্ষ) টাকা অবমুক্তকরণ প্রসংগে।

জনাব,


উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে নির্দেশক্রমে জানাইতেছি যে, অর্থ বিভাগের ৩০.০৮.২০০০ তারিখের সম/অবি/উঃ-১/১৭৫/৪৬/৯৭/৪৬৯ নম্বর স্মারকের মাধ্যমে প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগকে প্রদত্ত ক্ষমতাবলে ২০১৭-২০১৮ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচীতে 'সিটি কর্পোরেশন উন্নয়ন সহায়তা' শীর্ষক খোক বরাদ্দ হতে জিওবি খাতের ' সিটি কর্পোরেশনের জন্য যান-যন্ত্রাদি ক্রয় উপখাত হতে স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের অনুকূলে ১ম, ২য় ও ৩য় কিস্তি ববদ ৩৭.৫০ কোটি (সাতত্রিশ কোটি পঞ্চাশ লক্ষ) টাকা অবমুক্তকরণে সরকারি মঞ্জুরী জ্ঞাপন করা হইল।

২। এই ব্যয় চলতি ২০১৬-১৭ অর্থ বৎসরের বার্ষিক উন্নয়ন বাজেটের মঞ্জুরী নং-৩৩, হিসাবের খাত ৫-৩৭০১-৭০৬ ৭২৩১/৭৯৮১ 'সিটি কর্পোরেশন উন্নয়ন সহায়তা' খাতে বরাদ্দকৃত ৩৫০.০০ কোটি (তিনশত পঞ্চাশ কোটি) টাকা হইতে নির্দিষ্ট হইবে।

৩। এই অর্থ ছাড়ে অর্থ বিভাগের ২৯/০১/২০১৮ খ্রিঃ তারিখের ০৭.১১১.০১৪.০১.০১.০০৩.২০১১-৩৪ নম্বর স্মারকে নির্দিষ্ট শর্তে সম্মতি প্রদান করা হইয়াছেঃ

- (ক) ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে PPR'২০০৮ অনুসরণসহ যাবতীয় আর্থিক বিধি-বিধান যথাযথভাবে পরিপালন করিতে হইবে।
- (খ) ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে ভবিষ্যতে কোন অনিয়ম হইলে সংশ্লিষ্ট বিল পরিশোধকারী কর্তৃপক্ষ দায়ী থাকিবেন।
- (গ) উক্ত গার্বাজ ডাম্পার ট্রাক ইত্যাদি প্রকৃত প্রয়োজনের ভিত্তিতে ক্রয় এবং প্রাপ্যতা অনুযায়ী সরবরাহ করিতে হবে।
- (ঘ) পরবর্তী কিস্তির অর্থ ছাড়ের পূর্বে ৩০ মার্চ ২০১৮ তারিখের মধ্যে ১ম-৩য় কিস্তির অর্থ ব্যয়ের বিবরণ প্রেরণ করিতে হইবে এবং
- (ঙ) অব্যয়িত অর্থ ৩০ শে জুন ২০১৮ তারিখের মধ্যে সরকারি কোষাগারে জমা প্রদান করিতে হবে।

৪। প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর এই মঞ্জুরীকৃত অর্থের আয়ন ও ব্যয়ন কর্মকর্তার দায়িত্ব পালন করিবেন। তিনি এই অর্থ ব্যয়ে প্রচলিত নিয়মাচার ও আর্থিক বিধি-বিধান পালন করিবেন।



(মোঃ মাহমুদুল আলম)
উপসচিব
ফোনঃ ৯৫৭৩১২৫

স্মারক নং-৪৬.০০.০০০০.০৭০.০০৮.০২৯.১৩(অংশ-২)-১৭৫/১(৫)

তারিখঃ ৩১ জানুয়ারি ২০১৮ খ্রি

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- (১) সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় (দৃঃ আঃ- সিনিয়র সহকারী সচিব, বাজেট-১১ শাখা) বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- (২) সদস্য, ভৌত অবকাঠামো বিভাগ/কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
- (৩) প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
- (৪) উপ-প্রধান, পরিকল্পনা অধিশাখা, স্থানীয় সরকার বিভাগ।
- (৫) সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।
- (৬) প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ।
- (৭) হিসাব রক্ষণ কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ।


(মোঃ মাহমুদুল আলম)
উপসচিব